গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পানি সম্পদ মন্ত্রণালয়

পরিকল্পনা-৩ শাখা

২০১৯-২০ অর্থবছরের এডিপি-তে অন্তর্ভুক্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের ১৬ সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	জাহিদ ফারুক মাননীয় প্রতিমন্ত্রী
সভার তারিখ	২২-০৯-২০১৯ খ্রি.।
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

১। উপস্থাপনা:

মন্ত্রণালয়ের যুগ্মপ্রধান সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি জানান যে, ২০১৯-২০ অর্থবছরের এডিপি-তে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় ৯৪টি (২টি সমীক্ষা প্রকল্পসহ) চলমান প্রকল্পের অনুকূলে ৫৯৮৩.৫৯ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ৪৫২৬.৯৬ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ১৪৫৬.৬৩ কোটি টাকা। ১ জুলাই, ২০১৯ হতে ১৬ সেপ্টেম্বর, ২০১৯ পর্যন্ত উক্ত বরাদ্দ হতে অবমুক্তকৃত অর্থের পরিমাণ মোট ৯৬৬.২৯ কোটি (জিওবি ৯৩২.১৯ কোটি, প্রকল্প সাহায্য ৩৪.১০ কোটি ও টাকাংশ ২৯.৭০ কোটি) টাকা যা মোট বরাদ্দের ১৬.১৫%। একই সময় পর্যন্ত অর্থব্যয়ের পরিমাণ মোট ১৯৫.৯৭ কোটি (জিওবি ১৮৪.৩৬ কোটি, প্রকল্প সাহায্য ১১.৬১ কোটি ও টাকাংশ ৭.২১ কোটি) টাকা যা মোট বরাদ্দের ৩.২৮%।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

২০১৯-২০ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের উপর আলোচনা ও তার পরিপ্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্র.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী (সময়সীমা)

১.	সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন জোনে বাস্তবায়নাধীন বিনিয়োগ, কারিগরি সহায়তা ও বিশেষ প্রকল্পসমূহের দরপত্র আহ্বান সংক্রান্ত তথ্যাদি আলোচিত হয়। বিস্তারিত আলোচনার পর **‘ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন চর আলগী ইউনিয়নের চতুর্দিকে বেড়ীবাঁধ নির্মাণ’** শীর্ষক প্রকল্পের অনুকূলে ৫টি প্যাকেজের দরপত্র, **‘চাঁদপুর সেচ প্রকল্পের চর বাগাদী পাম্প হাউস ও হাজিমারা রেগুলেটর পুনর্বাসন’** শীর্ষক প্রকল্পের অনুকূলে ১০টি প্যাকেজের দরপত্র, **‘বাগেরহাট জেলার পোল্ডার নং-৩৬/১ এর পুনর্বাসন (১ম সংশোধিত)’** শীর্ষক প্রকল্পের অনুকূলে ২টি প্যাকেজের দরপত্র, **‘যশোর জেলার মনিরামপুর ও কেশবপুর উপজেলাধীন আপার ভদ্রা নদী, হরিহর নদী, বুড়িভদ্রা নদী ও পার্শ্ববর্তী খালগুলির জলাবদ্ধতা দূরীকরণ’** শীর্ষক প্রকল্পের অনুকূলে ২টি প্যাকেজের দরপত্র, **‘Bangladesh Weather and Climate Services Regional Project (BWCSRP): Component-B: Strengthening Hydrological Information Services and Early Warning Systems (SHISEWS) (১ম সংশোধিত)’** শীর্ষক প্রকল্পের অনুকূলে ৩টি প্যাকেজের দরপত্র, **‘Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB Part) (১ম সংশোধিত)’** শীর্ষক প্রকল্পের অনুকূলে অবশিষ্ট ৪টি প্যাকেজের মধ্যে ৩টির দরপত্র, **‘চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া ও বোয়ালখালী উপজেলা এবং রাঙ্গামাটি পার্বত্য জেলার কাপ্তাই উপজেলায় কর্ণফুলী ও ইছামতি নদী এবং শিলক খালসহ অন্যান্য খালের উভয় তীরের ভাঙ্গন হতে রক্ষা’** শীর্ষক প্রকল্পের অনুকূলে ১৬টি প্যাকেজের দরপত্র আগামী ২১-১০-২০১৯ তারিখের মধ্যে এবং **‘South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2)’** শীর্ষক প্রকল্পের অনুকূলে অবশিষ্ট ২০টির মধ্যে ৬টি প্যাকেজের দরপত্র আগামী ১৪-১০-২০১৯ তারিখের মধ্যে সভাপতি আহ্বান করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	**‘ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন চর আলগী ইউনিয়নের চতুর্দিকে বেড়ীবাঁধ নির্মাণ’** শীর্ষক প্রকল্পের অনুকূলে ৫টি প্যাকেজের দরপত্র, **‘চাঁদপুর সেচ প্রকল্পের চর বাগাদী পাম্প হাউস ও হাজিমারা রেগুলেটর পুনর্বাসন’** শীর্ষক প্রকল্পের অনুকূলে ১০টি প্যাকেজের দরপত্র, **‘বাগেরহাট জেলার পোল্ডার নং-৩৬/১ এর পুনর্বাসন (১ম সংশোধিত)’** শীর্ষক প্রকল্পের অনুকূলে ২টি প্যাকেজের দরপত্র, **‘যশোর জেলার মনিরামপুর ও কেশবপুর উপজেলাধীন আপার ভদ্রা নদী, হরিহর নদী, বুড়িভদ্রা নদী ও পার্শ্ববর্তী খালগুলির জলাবদ্ধতা দূরীকরণ’** শীর্ষক প্রকল্পের অনুকূলে ২টি প্যাকেজের দরপত্র, **‘Bangladesh Weather and Climate Services Regional Project (BWCSRP): Component-B: Strengthening Hydrological Information Services and Early Warning Systems (SHISEWS) (১ম সংশোধিত)’** শীর্ষক প্রকল্পের অনুকূলে ৪টি প্যাকেজের দরপত্র, **‘Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB Part) (১ম সংশোধিত)’** শীর্ষক প্রকল্পের অনুকূলে অবশিষ্ট ৪টি প্যাকেজের মধ্যে ৩টির দরপত্র, **‘চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া ও বোয়ালখালী উপজেলা এবং রাঙ্গামাটি পার্বত্য জেলার কাপ্তাই উপজেলায় কর্ণফুলী ও ইছামতি নদী এবং শিলক খালসহ অন্যান্য খালের উভয় তীরের ভাঙ্গন হতে রক্ষা’** শীর্ষক প্রকল্পের অনুকূলে ১৬টি প্যাকেজের দরপত্র আগামী ২০-১০-২০১৯ তারিখের মধ্যে এবং **‘South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2)’** শীর্ষক প্রকল্পের অনুকূলে অবশিষ্ট ২০টির মধ্যে ৬টি প্যাকেজের দরপত্র আগামী ১৪-১০-২০১৯ তারিখের মধ্যে আহ্বান করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
২.	**‘ব্রাহ্মণবাড়িয়া জেলার অন্তর্গত তিতাস নদী (আপার) পুনঃখনন’** শীর্ষক প্রকল্পটি গত ০৬-১০-২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। এ প্রকল্পের কাজ বাস্তবায়নের সময় ড্রেজিং এর মাটি ব্যবস্থাপনা নিয়ে স্থানীয় জনগণের সাথে সমস্যা সৃষ্টি হয়। সভাপতি স্থানীয় জেলা প্রশাসকের সাথে সভা করে এ সমস্যা সমাধানের নির্দেশ প্রদান করেন।	**‘ব্রাহ্মণবাড়িয়া জেলার অন্তর্গত তিতাস নদী (আপার) পুনঃখনন’** শীর্ষক প্রকল্পের কাজ বাস্তবায়নের বিষয়ে জেলা প্রশাসকের সাথে সভা করতে হবে।	প্রকল্প পরিচালক (০২-১০-২০১৯ তারিখের মধ্যে)

৩.	**‘মেঘনা নদীর ভাঙ্গন হতে চাঁদপুর জেলার হরিণা ফেরিঘাট এলাকা এবং চরভৈরবী এলাকার কাটাখাল বাজার রক্ষা’** শীর্ষক প্রকল্পের আওতায় ড্রেজিং কাজের সংস্থান রয়েছে। উক্ত ড্রেজিং কাজটির প্রয়োজন রয়েছে কি না সে বিষয়ে একটি কারিগরি কমিটির রিপোর্ট প্রদানের সিদ্ধান্ত ছিল এখনও উক্ত রিপোর্ট পাওয়া যায়নি। সভাপতি ১-১০-২০১৯ তারিখের মধ্যে কারিগরি কমিটির রিপোর্ট দাখিলের নির্দেশ প্রদান করেন।	**‘মেঘনা নদীর ভাঙ্গন হতে চাঁদপুর জেলার হরিণা ফেরিঘাট এলাকা এবং চরভৈরবী এলাকার কাটাখাল বাজার রক্ষা’** শীর্ষক প্রকল্পের ড্রেজিং কাজের রিপোর্ট ০১-১০-২০১৯ তারিখের মধ্যে দাখিল করতে হবে।	প্রকল্প পরিচালক (০১-১০-২০১৯ তারিখের মধ্যে)
৪.	**‘কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবের চর গ্রাম ও তৎসংলগ্ন এলাকা পুরাতন ব্রহ্মপুত্র নদের বামতীরের ভাঙ্গন হতে রক্ষা’** শীর্ষক প্রকল্পটির ডিপিপিতে অন্তর্ভুক্ত প্যাকেজের সংখ্যা ৬টি। চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৫টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়েছে। ইতোমধ্যে ৩টি প্যাকেজের দরপত্র গৃহীত হয়েছে। সভাপতি দ্রুত মূল্যায়ন সমাপ্ত করে গৃহীত প্যাকেজের কার্যাদেশ প্রদানের নির্দেশ প্রদান করেন।	**‘কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবের চর গ্রাম ও তৎসংলগ্ন এলাকা পুরাতন ব্রহ্মপুত্র নদের বামতীরের ভাঙ্গন হতে রক্ষা’** শীর্ষক প্রকল্পের দ্রুত মূল্যায়ন সমাপ্ত করে গৃহীত প্যাকেজের কার্যাদেশ প্রদান করতে হবে।	প্রকল্প পরিচালক (যথাশীঘ্র)
৫.	সভায় জানানো হয় **‘চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন পুইছড়ি ইউনিয়নের পোল্ডার নং ৬৪/২এ (পুইছড়ি পার্ট) এর পুনর্বাসন ও নিষ্কাশন’** শীর্ষক প্রকল্পটি জুন ২০২০ এ সমাপ্তির জন্য নির্ধারিত। কিন্তু প্রকল্পের ভৌত অগ্রগতি হয়েছে মাত্র ৫%। সভাপতি নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্তির জন্য নির্দেশ প্রদান করেন।	**‘চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন পুইছড়ি ইউনিয়নের পোল্ডার নং ৬৪/২এ (পুইছড়ি পার্ট) এর পুনর্বাসন ও নিষ্কাশন’** শীর্ষক প্রকল্পটি নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক (যথাসময়ে)
৬.	**‘চট্টগ্রাম জেলার উপকূলীয় এলাকায় পোল্ডার নং-৬২ (পতেঙ্গা), পোল্ডার নং-৬৩/১এ (আনোয়ারা), পোল্ডার নং-৬৩/১বি (আনোয়ারা ও পটিয়া) পুনর্বাসন’** শীর্ষক প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। এ প্রকল্পের আওতায় ৪২টি প্যাকেজের মধ্যে জুন ২০১৯ পর্যন্ত ৩৮টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। সংশোধিত ডিপিপি অনুমোদনের পর অবশিষ্ট প্যাকেজসমূহের কার্যাদেশ প্রদান করা যাবে মর্মে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী সভাকে জানান। সভাপতি দ্রুত ডিপিপি সংশোধনের নির্দেশ প্রদান করেন।	**‘চট্টগ্রাম জেলার উপকূলীয় এলাকায় পোল্ডার নং-৬২ (পতেঙ্গা), পোল্ডার নং-৬৩/১এ (আনোয়ারা), পোল্ডার নং-৬৩/১বি (আনোয়ারা ও পটিয়া) পুনর্বাসন’** শীর্ষক প্রকল্পের সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রকল্প পরিচালক (যথাশীঘ্র)

৭.	**‘কক্সবাজার জেলার বাংলাদেশ-মায়ানমার এ সীমান্ত নিরাপত্তা উন্নত করার জন্য উখিয়া ও টেকনাফ উপজেলায় নাফ নদী বরাবর পোল্ডারসমূহ (৬৭/এ, ৬৭, ৬৭/বি এবং ৬৮) পুনর্বাসন’** শীর্ষক প্রকল্পের ডিপিপি-তে অন্তর্ভুক্ত ৮টি প্যাকেজের মধ্যে জুন ২০১৯ পর্যন্ত ৪টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। চলতি অর্থ বছরে নির্ধারিত ৪টি প্যাকেজের মধ্যে ১টি প্যাকেজের দরপত্র গৃহীত হয়েছে। অবশিষ্ট ৩টি প্যাকেজের কাজের বিষয়ে কারিগরি কমিটির মতামত গ্রহণ এবং সে অনুযায়ী ডিপিপি সংশোধনের প্রয়োজন হবে। সভাপতি দ্রুত কারিগরি কমিটির মতামত গ্রহণান্তে সংশোধিত ডিপিপি দাখিলের নির্দেশ প্রদান করেন।	**‘কক্সবাজার জেলার বাংলাদেশ-মায়ানমার এ সীমান্ত নিরাপত্তা উন্নত করার জন্য উখিয়া ও টেকনাফ উপজেলায় নাফ নদী বরাবর পোল্ডারসমূহ (৬৭/এ, ৬৭, ৬৭/বি এবং ৬৮) পুনর্বাসন’** শীর্ষক প্রকল্পের কারিগরি কমিটির মতামত গ্রহণান্তে সংশোধিত ডিপিপি দ্রুত দাখিল করতে হবে।	প্রকল্প পরিচালক (যথাশীঘ্র)
৮.	**‘টাঙ্গাইল জেলার ভূঞাপুর উপজেলার অর্জুনা নামক এলাকাকে যমুনা নদীর ভাঙ্গন হতে রক্ষার্থে নদীতীর সংরক্ষণ’** শীর্ষক প্রকল্পের অন্তর্ভুক্ত ১৮টি প্যাকেজের মধ্যে জুন ২০১৯ পর্যন্ত ১৪টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। চলতি অর্থ বছরে নির্ধারিত ৪টি প্যাকেজের জন্য বারবার পুনঃদরপত্র আহ্বান করেও দরদাতা পাওয়া না যাওয়ায় হালনাগাদ রেট সিডিউল অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করে দরপত্র আহ্বান করা হয়েছে। সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। প্রকল্পের আওতায় সাশ্রয়কৃত অর্থ দ্বারা অতিরিক্ত তীর প্রতিরক্ষা বা ড্রেজিং কাজের প্রস্তাব কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত হওয়া বাঞ্ছনীয় মর্মে সভায় মত প্রকাশ করা হয়। দ্রুত কারিগরি কমিটির মতামত পেশের জন্য সভায় নির্দেশনা দেয়া হয়।	**‘টাঙ্গাইল জেলার ভূঞাপুর উপজেলার অর্জুনা নামক এলাকাকে যমুনা নদীর ভাঙ্গন রক্ষার্থে নদীতীর সংরক্ষণ’** শীর্ষক প্রকল্পের সংশোধিত কর্মপরিধি নির্ধারণের জন্য কারিগরি কমিটির মতামত দ্রুত মন্ত্রণালয়ে পেশ করতে হবে।	প্রকল্প পরিচালক (যথাশীঘ্র)
৯.	**‘লক্ষ্মীপুর জেলার সদর উপজেলায় রহমতখালী খাল এবং রায়পুর উপজেলায় ডাকাতিয়া নদীর ভাঙ্গন রক্ষাকল্পে তীর সংরক্ষণ’** শীর্ষক প্রকল্পের ডিপিপিতে অন্তর্ভুক্ত ৬টি প্যাকেজের মধ্যে জুন ২০১৯ পর্যন্ত ২টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। চলতি অর্থবছরে নির্ধারিত ৪টি প্যাকেজের মধ্যে ১টি প্যাকেজের কার্যাদেশ দেয়া হয়েছে। স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী অবশিষ্ট ৩ টি প্যাকেজের কাজের বিষয়ে কারিগরি কমিটির মতামত গ্রহণ করা আবশ্যক। সভাপতি দ্রুত কারিগরি কমিটির মতামত গ্রহণ করে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।	**‘লক্ষ্মীপুর জেলার সদর উপজেলায় রহমতখালী খাল এবং রায়পুর উপজেলায় ডাকাতিয়া নদীর ভাঙ্গন রক্ষাকল্পে তীর সংরক্ষণ’** শীর্ষক প্রকল্পের কারিগরি কমিটির মতামত গ্রহণপূর্বক দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক (যথাশীঘ্র)

৩।আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

জাহিদ ফারুক

মাননীয় প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৪১.০৬.০১১.১৮-৫৩ তারিখ: ২২ আশ্বিন ১৪২৬

০৭ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ

২) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৩) প্রধান, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) যুগ্মপ্রধান, সেচ অনুবিভাগ, পরিকল্পনা কমিশন

৫) মহাপরিচালক, মহাপরিচালক (কৃষি ও পানি সম্পদ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৬) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

৭) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

৮) প্রধান, কার্যক্রম বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৯) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) যুগ্মসচিব, প্রশাসন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) উপসচিব, বাজেট ও অডিট অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) যুগ্মসচিব, যুগ্ম-সচিব উন্নয়ন-১ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) যুগ্মপ্রধান, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১৫) মহাপরিচালক , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

১৬) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

১৭) চীফ মনিটরিং, চীফ মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৯) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

২০) পরিচালক, পরিচালক - ১১, প্রধানমন্ত্রীর কার্যালয়

২১) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২২) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২৩) একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

২৪) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২৫) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২৬) সহকারী প্রধান, পরিকল্পনা-৫ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২৭) সহকারী প্রধান, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২৮) পরিচালক, কার্যক্রম পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৯) সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।



আবু ইউসুফ মোহাম্মদ রাসেল

সিনিয়র সহকারী প্রধান